



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd



স্মারক নং- ইউজিসি/আইসিসি/৫.৭৫/২১/২০১৮/১৮/৫১৮


তারিখ: ২৫ ফাল্গুন, ১৪৩২
১০ মার্চ, ২০২৬

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/PhD Scholarship for University Teachers) এর জন্য আবেদন আহ্বান।

দেশের বিভিন্ন ক্ষেত্রে বিশেষায়িত জ্ঞান ও যোগ্যতাসম্পন্ন বিশ্বমানের শিক্ষাবিদ ও গবেষক তৈরির উদ্দেশ্যে “ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/PhD Scholarship for University Teachers) নীতিমালা ২০২৫” এর আলোকে বিদেশি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণেচ্ছুক সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

কমিশনের তালিকাভুক্ত বিদেশি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোডকৃত) ব্যতীত যদি কোনো প্রার্থীর অন্য কোনো বিশ্ববিদ্যালয় হতে পূর্ণ/আংশিক স্কলারশিপ/অফার লেটার থাকে তা (উপযুক্ত দলিলাদি সাপেক্ষে) বিবেচনা করা হবে। কমিশনের ওয়েবসাইটে (www.ugc.gov.bd) “আন্তর্জাতিক সহযোগিতা, বৃত্তি এবং ফেলোশিপ” সেবাবক্সে আবেদন ফর্ম পাওয়া যাবে। উক্ত ফর্ম পূরণপূর্বক (প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ) আগামী ০৫/০৪/২০২৬ ইং তারিখের মধ্যে আবেদন হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (icdivision.ugc@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


২০/৩/২০২৬

মোছা: জেসমিন পারভীন

পরিচালক (চ. দা.)

ইন্টারন্যাশনাল কোলাবোরেশন বিভাগ

টেলিফোন:- ৫৮১৬০২২৮

ই-মেইল- jesmin@ugc.gov.bd